দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 30 JAN 2006

পৃষ্ঠা ১৪ কলাম ৩

# শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযোদ্ধা সন্তানদের ভর্তির কোটা বাস্তবায়ন দাবি

**নগর সংবাদদাতা ॥** শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযোদ্ধা সন্তানদের ভর্তির ক্ষেত্রে শতকরা ৫ ভাগ কোটা সংরক্ষণের প্রচলিত নিয়ম বাস্তবায়নের দাবি করেছেন বাংলাদেশ মুক্তিযোদ্ধা আইনজীবী পরিষদ নেতৃবৃন্দ। শনিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তাঁরা এ দাবি করেন। সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন বাংলাদেশ মুক্তিযোদ্ধা আইনজীবী পরিষদ সভাপতি খন্দকার সামসুল আলম দুদু। উপস্থিত ছিলেন এ্যাডভোকেট জহুরুল ইসলাম, কাজী আসগর আলী, শাহজাহান কবীর বীরপ্রতীক, আব্দুল গোফুর মাস্টার প্রমুখ। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে জানানো হয়, মুক্তিযোদ্ধা সন্তানদের ভর্তি ক্ষেত্রে ৫% কোটা সংরক্ষণে শিক্ষা মন্ত্রণালয়ের জারি করা বিধান থাকলেও তা মানা হচ্ছে না।